# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 13 April, 2025

মাহে রমজান ও পবিত্র ঈদুল ফিতরের দীর্ঘ ২৩ দিনের ছুটি কাটিয়ে চিরচেনা রূপে ফিরেছে কুমিল্লা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস।শুরু হয়েছে শ্রেণি কার্যক্রম, শিক্ষার্থীদের আনাগোনা। রবিবার (১৩ই এপ্রিল) ক্যাম্পাস ঘুরে এমন চিত্র দেখা যায়। ক্যাম্পাস ঘুরে দেখা যায়, চিরচেনা আগের মতই শিক্ষার্থীরা ক্লাসে যাচ্ছেন, একসাথে বসে আড্ডা দিচ্ছে।কেউবা আবার বাসের জন্য ছুটছে।

শিক্ষার্থীরা বলেন, দীর্ঘ সময় বাড়িতে থাকতে থাকতে বাড়ি ছেড়ে আসতে মন চাচ্ছিলো না।কিন্তু ক্লাস-পরীক্ষা শুরু হয়ে যাওয়ায় চলে আসতে হলো।তবে ক্যাম্পাসে ফিরে এখন বন্ধু-বান্ধব সবার সাথে দেখা হয়ে ভালো লাগতেছে।আবারও এক সাথে আড্ডা দিতে পারব সবার সাথে।আইন বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আতিকুর রহমান রায়হান বলেন, 'দীর্ঘ ঈদের বন্ধ শেষে বাড়ি ছেড়ে আবারও ক্যাম্পাসে ফিরতে হয়েছে।পরিবারের প্রিয় মানুষগুলো ছাড়া আলাদা একটা জায়গায় থাকাটা সবসময়ই অস্বস্তির।কিন্তু বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বন্ধু-বান্ধব,প্রিয় ডিপার্টমেন্ট, শিক্ষক, ক্যাম্পাসের সৌন্দর্য সবকিছু মিলিয়ে আরো একটা পরিবার হয়ে উঠেছে।

আরেক শিক্ষার্থী মেহেরুন্নেছা আশা বলেন, 'দীর্ঘদিন বাড়িতে থাকতে থাকতে বাড়ি ছেড়ে ক্যাম্পাসে ফিরতে মান চাচ্ছিল না।কিন্তু ক্লাস-পরীক্ষা শুরু হওয়াতে ক্যাম্পাসে ফিরে আসতে হয়েছে।তবে ক্যাম্পাসের বন্ধু-বান্ধব এবং ক্যাম্পাসের সৌন্দর্য সব মিলিয়ে এখন ভালোই লাগতেছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেন বলেন, 'দীর্ঘদিন ছুটির পর ক্যাম্পাস আজকে ক্যাম্পাস খুলছে।আমি চাই ক্যাম্পাসের সকল একাডেমি এবং নন-একাডেমিক কার্যক্রম সুন্দরভাবে চলুক।

উল্লেখ্য, গত ২২ই এপ্রিল থেকে মাহে রমাদান ও ঈদুল ফিতরের ছুটি শুরু হয়েছিল।

শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় রমজান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:22

URL: https://www.timestodaybd.com/campus/728775807